মেহেরপুর সরকারি খাদ্যগুদামে দুর্নীতির অভিযোগ

মেহেরপুর শহরের সরকারি খাদ্য গুদাম থেকে বিদেশ থেকে আমদানি করা ৬০ বস্তা চাল গোপনে গত বুধবার সন্ধ্যায় আলগামন করে সরানোর উদ্দেশ্যে গেট পর্যন্ত যখন নেওয়া হয়, তখন চাল সরানো হচ্ছে এমন গোপন খবরে গোডাউনের বাইরে বেশ কিছু ছাত্র, গোয়েন্দা সংস্থার দুজনসহ কয়েকজন সংবাদকর্মী অবস্থান করছিলেন। অবস্থানকারীরা বিষয়টি সদর উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করেন। এর পরপরই সেই চাল গোডাউনে ফিরিয়ে নেওয়া হয়েছে।

এসময় গোডাউনে উপজেলা খাদ্য কর্মকর্তা দেবদূত রায় ও মোসারফ হোসেন নামের বিএনপির এক নেতা অবস্থান করছিলেন।

বিদেশ থেকে আমদানি করা উন্নতমানের চাল গুদামের হিসেবের খাতায় না থাকলেও গোডাউনের ৫ নম্বর ইউনিটের তিনটি খামারে প্রায় ৭০ মেট্রিক টন আমদানিকৃত চাল মজুত রয়েছে বলে নিশ্চিত করেছেন গোডাউনের অভ্যন্তরীণ সূত্র।

বিষয়টির সত্যতা জানার জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক এরশাদ আলীর অফিসে যোগাযোগ করেও তাকে পাওয়া যায়নি। এরপর থেকেই আমদানিকৃত চাল সরানো শুরু হয়। দুপুরের দিকে দুটি ভ্যানে ৬০ বস্তা চাল সরিয়ে নেওয়া হয়েছে বলেও সূত্র নিশ্চিত করেছে।

মেহেরপুর সরকারি খাদ্যগুদামে ভয়াবহ দুর্নীতি ও অনিয়মের অভিযোগ দীর্ঘদিনের। সংশ্লিষ্টদের যোগসাজশে সরকারি খাদ্য মজুত ব্যবস্থাপনায় চলছে নানা ধরনের অপচেষ্টা ও দুর্ব্যবস্থা। কাগজে-কলমে মজুত শূন্য দেখানো হলেও বাস্তবে গুদামে বিপুল পরিমাণ চাল ও ধান সংরক্ষিত রয়েছে।

স্থানীয় সচেতন মহলের অভিযোগ, গুদামের কিছু অসাধু কর্মকর্তা- কর্মচারী এবং স্থানীয় একটি দালালচক্র দীর্ঘদিন ধরে এই দুর্নীতি চালিয়ে যাচ্ছে। কাগজে চাল ও ধান বিতরণ বা গুদামে সংগ্রহের তথ্য দেখিয়ে সরকারি অর্থ আত্মসাৎ করা হচ্ছে।

গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা দেবদূত রায়ের কাছে ভ্যানে ৬০ বস্তা চাল গেটের কাছ থেকে ফিরিয়ে এনে কেন ফের গোডাউনে রাখা হলো এই

প্রশ্নের জবাবে তিনি জানান, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম আপাতত চাল বাইরে না নেওয়ার জন্য নির্দেশ দেওয়ায় তা ফের গোডাউনে নেওয়া হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলামের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি কোনো নির্দেশনা দেননি বলে দাবি করেন। জেলা খাদ্য নিয়ন্ত্রক এরশাদ আলীর অফিসে যোগাযোগ করেও তাকে পাওয়া যায়নি। মোবাইল ফোনে ক্ষুদে বার্তা দেওয়া হলেও তিনি জবাব দেননি।

মেহেরপুরে প্রশিক্ষণার্থীদের মাঝে সেলাই মেশিন বিতরণ

মেহেরপুরে জীবিকায়নের লক্ষ্যে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির অংশ হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত ৩০ জন মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার (২৪ জুলাই) বিকেলে মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালকের কার্যালয়ে এই সেলাই মেশিন বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন সহকারী কমিশনার খাদিজা আক্তার, উপ-পরিচালক মহিলা বিষয়ক কর্মকর্তা মোছা: নাসিমা খাতুন, নাজমা, মীর দানিয়েল হোসেনসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, সমাজে পিছিয়ে পড়া নারীদের দারিদ্র্য ঘোচাতে এবং স্বাবলম্বী করে তুলতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। আপনারা এই সেলাই মেশিনকে কাজে লাগিয়ে একজন একজন উদ্যোক্তা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করবেন এই প্রত্যাশা আমাদের। মেশিনগুলো ব্যবহার ও সংরক্ষণে সচেতন থেকে নিজেদের আর্থিক অবস্থার উন্নয়নে এগিয়ে আসুন। তাহলেই এ প্রকল্পের সফলতা নিশ্চিত হবে।

মেহেরপুরে গাঁজা রাখার দায়ে ১ জনের কারাদণ্ড

মেহেরপুরে গাঁজা রাখার অপরাধে মোঃ কাউছারকে ১ বছর সশ্রম কারাদণ্ড এবং ৫ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছে আদালত।

আজ বুধবার দুপুরে মেহেরপুর চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

মামলার নথি অনুযায়ী, ২০১৮ সালের ৩০ জুলাই সকাল ৯টা ৪০ মিনিটে মেহেরপুর পৌর এলাকার ওয়াপদা মোড়ে অবস্থানকালে এএসআই শেখ মনিরুজ্জামান গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারেন, পুরাতন বাসস্ট্যান্ড সংলগ্ন নাইট বিলাস আবাসিক হোটেলের সামনে এক ব্যক্তি গাঁজা নিজ হেফাজতে রেখে বিক্রির জন্য অপেক্ষা করছে। সঙ্গে থাকা অফিসার ও ফোর্সসহ সকাল ৯টা ৫০ মিনিটে অভিযান চালিয়ে নাইট বিলাস হোটেল সংলগ্ন ফারুক অটোস গ্যারেজের সামনে থেকে কাউছারকে আটক করা হয়।

তল্লাশি চালিয়ে তার পরিহিত পাঞ্জাবির ডান পাশের পকেট থেকে সাদা কাগজে মোড়ানো ১৬ পুরিয়া গাঁজা (ওজন ৫০ গ্রাম) এবং জিন্সের সামনের বাম পকেট থেকে আরও ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়। সর্বমোট ১০০ গ্রাম গাঁজা জব্দ করা হয়।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। মামলার নথি ও সাক্ষীদের সাক্ষ্য পর্যালোচনা করে মোঃ কাউছারের বিরুদ্ধে উপরোক্ত রায় দেন।

রায় ঘোষনার পরে আসামীকে জেল হাজতে পাঠানো হয়েছে।

নাটোরে ট্রাক-মাইক্রোবাস সংঘর্ষে মেহেরপুরের মা-মেয়ে নিহত

নাটোরের বড়াইগ্রামে সিমেন্টবোঝাই ট্রাক ও যাত্রীবাহী মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে ছয় জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে রয়েছেন মেহেরপুর জেলার গাংনী উপজেলার দুই নারী ভোলারদাড় গ্রামের সিমা খাতুন (২২) এবং তার মা আনজুমান আরা (৪৫), যিনি বেতবাড়িয়া গ্রামের বাসিন্দা।

মর্মান্তিক এই দুর্ঘটনাটি ঘটে আজ বুধবার (২৩ জুলাই) সকালে, বড়াইগ্রাম উপজেলার তরমুজ পাম্প এলাকায়, বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কে।
জানা গেছে, মেহেরপুর থেকে ঢাকাগামী মাইক্রোবাসটি সিরাজগঞ্জ হয়ে রাজধানীর দিকে যাচ্ছিল। পথে বিপরীত দিক থেকে আসা সিমেন্টবোঝাই একটি ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হলে মাইক্রোবাসটি দুমড়ে- মুচড়ে যায়।

আনজুমানআরা ও সিমা খাতুন যাচ্ছিলেন সিরাজগঞ্জে, অসুস্থ নাতিকে দেখতে। পারিবারিক সূত্রে জানা গেছে, সিমার সন্তান বেশ কিছুদিন ধরে অসুস্থ, তাকে দেখতে ও খোঁজখবর নিতে যাচ্ছিলেন মা ও মেয়ে। কিন্তু পথেই ঘটে যায় ভয়াবহ দুর্ঘটনা, আর তাতে শেষ হয়ে যায় দুই নারীর জীবন-ভ্রমণ।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, সংঘর্ষের পর ঘটনাস্থলেই পাঁচজন নিহত হন। গুরুতর আহত দুজনকে বড়াইগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে, সেখানে আরও একজনের মৃত্যু হয়। অপর আহত ব্যক্তিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এই মর্মান্তিক ঘটনায় গাংনীর ভোলারদাড় ও বেতবাড়িয়া গ্রামে নেমে এসেছে শোকের ছায়া।
পরিবারের সদস্যরা জানান, “সিমা সদ্য বিবাহিত ছিল। তার ছোট্ট সন্তান অসুস্থ। সেই সন্তানকে দেখতে যাওয়া পথেই ঘটে গেল চিরদিনের বিচ্ছেদ।”

মেহেরপুরে আওয়ামী লীগ নেতাসহ গ্রেফতার ৫

মেহেরপুরে ২৪ ঘণ্টার বিশেষ অভিযানে ওয়ার্ড আওয়ামী লীগের সেক্রেটারিসহ ৫ জনকে গ্রেফতার করেছে জেলা পুলিশ।

গতকাল মঙ্গলবার রাত থেকে আজ বুধবার ভোর পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন, মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের ওয়ার্ড আওয়ামী লীগের সেক্রেটারি ও সাবেক মেম্বার জেনারুল ইসলামের ছেলে মোঃ আরজ আলী (৪৫), গাংনী উপজেলার আড়পাড়া গ্রামের মৃত আখের আলীর ছেলে মোঃ মিন্নাল, রাজাপুর গ্রামের কামাল হোসেনের স্ত্রী মোছাঃ ভলিআর (৪৪), কোদালকাটি গ্রামের ছামিরুলের স্ত্রী মিনারা এবং ভারত থেকে আসা আশরাফুলের স্ত্রী রেখা (৩০)।

গ্রেফতারকৃতদের বুধবার সকালে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং বিভিন্ন অপরাধে জড়িতদের গ্রেফতারে বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য মেহেরপুর জেলা বিএনপি’র দোয়া

ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের ওপর ঘটে যাওয়া মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহত শিক্ষার্থীদের রুহের মাগফিরাত

এবং আহতদের দ্রুত সুস্থতা কামনায় দোয়া মাহফিলে আয়োজন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

মঙ্গলবার (২২ জুলাই) বিকেল ৫টায় মুখার্জি পাড়া জেলা বিএনপির কার্যালয়ে এই দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।
এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সদস্য আনসারুল হক, ইলিয়াস হোসেন, আলমগীর খান সাতু, আবুল বাশার, ওমর ফারুক লিটন, রুমানা আহমেদ, জেলা জাসাসের সদস্য সচিব এ. বাকাবিল্লা এবং সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেমন।

দোয়া মাহফিলে মেহেরপুর জেলা বিএনপির নেতৃবৃন্দ, অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পুকুরের পানিতে ডুবে আয়েশা খাতুন (৪) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (২২ জুলাই) বিকেল চারটার দিকে উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের সেন্টারপাড়ায় এই ঘটনা ঘটে।
আয়েশা খাতুন হাড়াভাঙ্গা সেন্টারপাড়া এলাকার ভ্যানচালক রহিদুল ইসলামের মেয়ে।

আয়েশার দাদা শহিদুল ইসলাম জানান, বাড়ির পাশের পুকুর পাড়ে আয়েশা খাতুন একা একা খেলা করছিল।
কোন এক পর্যায়ে সে পুকুরের পানিতে পড়ে যায় এবং পানিতে ডুবে মারা যায়।

তাকে দেখতে না পেয়ে তার মা খোঁজাখুঁজি শুরু করেন। পরে পুকুরে

আয়েশার মরদেহ ভাসতে দেখে উদ্ধার করা হয়।

কাজিপুর ইউনিয়ন পরিষদের সদস্য মোঃ মহিবুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, শিশুটির মৃত্যু খুবই বেদনাদায়ক।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বাণী ইসরাইল জানান, এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা হবে।

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য মেহেরপুরে বিএনপির দোয়া মাহফিল

রাজধানীর উত্তরায় বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনায় মাইলস্টোন স্কুলের নিহত শিক্ষার্থীদের রুহের মাগফিরাত এবং আহতদের দ্রুত সুস্থতা কামনায় দোয়া মাহফিলের আয়োজন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

মঙ্গলবার বিকেলে পৌর কমিউনিটি সেন্টারে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এ সময় তিনি বলেন, একটি নতুন বাংলাদেশ নির্মাণের স্বপ্ন এদেশের ১৮ কোটি মানুষ দেখেছিল। এই জুলাই মাসে বিজয় উৎসব এবং স্বৈরাচারীর পতনের এই দিনক্ষণ ঠিক করে আবার নতুন ধারায় বাংলাদেশ নির্মাণ, সমাজ নির্মাণের চেষ্টায় আছি। ঠিক সেই মুহূর্তে মাইলস্টোন স্কুলে বিমান দুর্ঘটনায় ছোট ছোট শিশুদের মৃত্যু আমাদের আবার ভাবিয়ে তুলেছে। এই বেদনা আমরা আর কতদিন সইবো? আমরা দিন বদলাতে চাই।

তিনি আরো বলেন, ৫৪ বছরের ইতিহাসে এই মাস স্বর্ণাক্ষরে লেখা থাকার কথা এবং লেখা থাকবে। গত বছর এই জুলাই-আগস্টে ছাত্র-জনতা রক্তে রঞ্জিত হয়ে আমরা স্বৈরাচারী সরকারকে বিদায় করেছিলাম। আমরা

স্বপ্ন বুনেছিলাম একটা নতুন বাংলাদেশের।

দোয়া মাহফিলে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, জেলা তাঁতিদলের সভাপতি আরজুল্লাহ মাস্টার বাবলু ও সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান জুয়েল, পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি প্রমুখ।

বিমান দুর্ঘটনায় নিহতদের জন্য মোনাজাত পরিচালনা করেন মেহেরপুর বোসপাড়ার বায়তুল ফালাহ জামে মসজিদের ইমাম মাওলানা সিরাজ উদ্দিন।

মেহেরপুরে মরা গরু জবাই করে মাংস বিক্রি, কসাইকে কারাদণ্ড

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে মরা গরু জবাই ও মাংস বিক্রির চেষ্টার অভিযোগে মো. হামজা নামের এক কসাইকে ৩ মাসের কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার (২২ জুলাই) দুপুরে পিরোজপুর গ্রামে অভিযান চালিয়ে মোবাইল কোর্ট বসিয়ে এ দণ্ড প্রদান করেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. খায়রুল ইসলাম।

সাজাপ্রাপ্ত মো. হামজা সদর উপজেলার পিরোজপুর পশ্চিমপাড়া গ্রামের বরকত আলীর ছেলে।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক জানান, গোপন সংবাদের ভিত্তিতে পিরোজপুর গ্রামে অভিযান চালিয়ে মরা গরু জবাই ও মাংস শহরে সরবরাহের প্রস্তুতির সময় মো. হামজাকে মাংসহ আটক করা হয়।
পরে পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন, ২০১১-এর ২৪(১) ধারায় তাকে ৩ মাসের কারাদণ্ড প্রদান করা হয়।

মোবাইল কোর্ট পরিচালনার সময় মেহেরপুর সদর উপজেলার স্যানিটারি

ইন্সপেক্টর তরিকুল ইসলাম ও সদর থানা পুলিশের একটি দল উপস্থিত ছিলেন।

মেহেরপুরের সাবেক পৌর মেয়র রিটনের একদিনের রিমান্ড

মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটনকে কারাগারে পাঠানো হয়েছে।

মঙ্গলবার (২২ জুলাই) দুপুরে কড়া নিরাপত্তার মধ্যে তাকে মেহেরপুর কারাগারে পাঠানো হয়।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দায়ে দায়েরকৃত একটি মামলায় সম্প্রতি তাকে ঢাকা পুলিশ রাজধানী থেকে আটক করে। মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে রিটনকে হাজির করা হয়।

আদালতে শুনানিকালে পুলিশের পক্ষ থেকে রিটনের সাত দিনের রিমান্ড আবেদন করা হয়। যুক্তিতর্ক শেষে অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নাসির উদ্দিন ফারাজী তাকে এক দিনের রিমান্ড মঞ্জুর করেন।

এদিকে, অপর একটি মামলায় বুড়িপোঁতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সদস্য শাহজামানকে আদালতে হাজির করা হয়।